গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ৭জি-১৫১(ক-৩)/১০(অংশ-১)/ ২৬০২/২ তারিখ : ২৯/১২/২০২১ খ্রি.

বিষয় : পটুয়াখালী জেলার হাজী আক্কেল আলী হাওলাদার কলেজ এর অর্থনীতি বিষয়ের বরখাস্তকৃত প্রভাষক জনাব ইসরাত জাহানের নাম কর্তন।

সূত্র : প্রতিষ্ঠানের স্মারক নং ১৩৫০/২০২১ তারিখ : ২৫/১০/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার হাজী আক্কেল আলী হাওলাদার কলেজ এর অর্থনীতি বিষয়ের বরখাস্তকৃত প্রভাষক জনাব ইসরাত জাহানের নাম পটুয়াখালী জেলা জজ আদালতের আদেশ মোতাবেক কর্তন করার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করা হয়।

মাউশির আইন শাখার মতামত : হাজী আক্কেল আলী হাওলাদার কলেজ কর্তৃপক্ষ জনাব ইসরাত জাহান, প্রভাষক (অর্থনীতি) কে চাকরি থেকে অব্যাহতি প্রদান করেন। এর বিরুদ্ধে জনাব ইসরাত জাহান সিনিয়র সহকারী জজ আদালত, পটুয়াখালীতে দেওয়ানি মোকদ্দমা নং ৪৯১/২৯৩ দায়ের করেন। উক্ত দেওয়ানি মোকদ্দমার রায় বাদী জনাব ইসরাত জাহানের পক্ষে হয়। উপরোক্ত দেওয়ানি মোকদ্দমার রায়ের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ জেলা জজ আদালত, পটুয়াখালীতে আপিল নং ৫০/২০১৯ দায়ের হয়। উক্ত আপিল মামলা শুনানি শেষে মাননীয় আদালত তা মঞ্জুর করে রায় ও আদেশ দেন। রায় ও আদেশে সিনিয়র সহকারী জজ আদালতের রায় ও ডিক্রি বাতিল করেন। একই সাথে দেওয়ানী মোকদ্দমা নং ৪৯১/২০১৩ মামলা ডিসমিস করেন। আপিল মামলার রায়ের বিরুদ্ধে আর কোন মামলা চলমান আছে কিনা তার তথ্য নিশ্চিত হয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এমতাবস্থায়, আপিল মামলার রায়ের বিরুদ্ধে আর কোন মামলা চলমান আছে কিনা তার তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

27.12.21
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
হাজী আক্কেল আলী হাওলাদার কলেজ
পটুয়াখালী।

সদয় অবগতি :
(১) সভাপতি, হাজী আক্কেল আলী হাওলাদার কলেজ, পটুয়াখালী;
(২)সংরক্ষণ নথি।

(E-File)-.Delwar-F.c